

মেরুদণ্ড !

- নীলোৎপল গোস্বামী

স্পাইন সার্জন ভাণ্ডা মেরুদণ্ড জুড়ে দিয়ে বললেন

-যাও মেরুদণ্ডটা জুড়ে দিলাম

এবার মেরুদণ্ড সোজা করে হাঁটতে চেষ্টা করো।

-একবার ভাঙলে তা কখনো জোড়া লাগেনা ডাক্তার।

-কেন ?

-দেখুননা ছিয়াত্তর বছর আগে যে মেরুদণ্ড ভাঙল, তা কি আর পচাঁত্তর বছরে জুড়েছে
একটুকু ?

বরং আরো.....

আর এই অগোছালো জোড়কে আরো যতই জুড়ে ফেল ডাক্তার সে জোড়াপুকুর বা জোড়া
বাড়ির মত নামেই..., মধ্যের আল ভেঙে বা দেওয়াল ভেঙে জুড়বে না কোনদিন ?

-তবু দেখো এই ভাণ্ডা মেরুদণ্ড নিয়েই তুমি ঠিক দাঁড়াবে একদিন।

ডাক্তার চলে যেতেই নিজের দিকে তাকিয়ে এক অট্টহাসিতে ফেটে পড়ল অম্বী।

দাঁড়িয়ে করবেই বা কী ?

ভাণ্ডা মেরুদণ্ডের এই হাটে যে সে একা।

তবুও সে দেখল, একটা শিশু তার সামনেই হামাগুড়ি ছেড়ে উঠে দাঁড়ালো, টলমল হলেও;
নিজের পায়েই এক'পা দু'পা করে এগিয়ে আসছে আর ভুবন ভুলানো হাসিতে ভরিয়ে
তুলেছে তার চারিপাশ।

